# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

www.bina.gov.bd

নং-১২.২৪.০০০০.২০১.১১.০৫১.১৯.৩০৯৮ তারিখ: ১৮-১২-২০১৯ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ এর নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://bina.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাইতেছে। উল্লেখিত পদে আবেদনের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্ত নিম্নে উল্লেখ করা হইল:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করিবার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) (রাজস্ব, অস্থায়ী) টা: ১১,০০০-২৬,৫৯০/- | ২ (দুই) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা: অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ; আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ। | মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, শরীয়তপুর, ময়মনসিংহ, ফেনী, লালমনিরহাট, বরিশাল ও পটুয়াখালী জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই। তবে, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |
| ২। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) (রাজস্ব, স্থায়ী) টা: ১১,০০০-২৬,৫৯০/- | ১ (এক) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি; এবং<br>গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা: অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ; আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৩। | বৈজ্ঞানিক সহকারী-১ (গ্রেড-১৩) (রাজস্ব, স্থায়ী) টা: ১১,০০০-২৬,৫৯০/- | ১৭ (সতের) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে কৃষিতে ডিপ্লোমা। | |
| ৪। | বৈজ্ঞানিক সহকারী-২ (গ্রেড-১৪) (রাজস্ব, স্থায়ী/অস্থায়ী) টা: ১০,২০০-২৪,৬৮০/- | ২০ (বিশ) টি (স্থায়ী-৯টি ও অস্থায়ী-১১টি) | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে কৃষিতে ডিপ্লোমা। | |
| ৫। | পিএ (গ্রেড-১৪) (রাজস্ব, অস্থায়ী) টা: ১০,২০০-২৪,৬৮০/- | ৩ (তিন) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি; এবং<br>গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা: অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ; আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৬। | কেয়ার-টেকার (গ্রেড-১৪) (রাজস্ব, স্থায়ী) টা: ১০,২০০-২৪,৬৮০/- | ১ (এক) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>খ) ট্রেড কোর্সসহ কেয়ার টেকিং কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৭। | ড্রাফটসম্যান (গ্রেড-১৫) (রাজস্ব, স্থায়ী) টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ১ (এক) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>খ) ড্রাফটসম্যানশিপে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ। | |
| ৮। | ড্রাইভার/ট্রাক ড্রাইভার (গ্রেড-১৫) (রাজস্ব, স্থায়ী) টাঃ ৯,৭০০-২৩,৪৯০/- | ৪ (চার) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>গ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ড্রাইভার পদের ক্ষেত্রে হালকা ও ভারী এবং ট্রাক ড্রাইভার পদের ক্ষেত্রে ভারী গাড়ি চালনায় পারদর্শী। | |
| ৯। | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) (রাজস্ব, অস্থায়ী) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ৩ (তিন) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা: অ) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ; আ) ইংরেজি: প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| ১০। | টেকনিশিয়ান-২ (গ্রেড-১৬) (রাজস্ব, স্থায়ী) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ২ (দুই) টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল)। | |
| ১১। | পাম্প অপারেটর (গ্রেড-১৬) (রাজস্ব, স্থায়ী) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ২ (দুই) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল)। | |
| ১২। | বাবুর্চি (গ্রেড-১৬) (রাজস্ব, স্থায়ী) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১ (এক) টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ রান্নার কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>খ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |

**নিয়োগের শর্তাবলি:**

১। অনলাইনে আবেদন শুরুর নির্দিষ্ট তারিখে প্রার্থীর বয়সসীমা (এফিডেভিট গ্রহণযোগ্য নয়):

ক) সাধারণ প্রার্থীর ক্ষেত্রে ১৮-৩০ বৎসর;

খ) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮-৩২ বৎসর;

গ) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ১৮-৩০ বৎসর;

ঘ) প্রার্থীর বয়স কম বা বেশি হইলে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করিতে হইবে।

৩। **অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিকে http://bina.teletalk.com.bd অথবা www.bina.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করিয়া পরীক্ষা ফিসহ online registration কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। উল্লেখিত ওয়েবসাইটে প্রবেশ করিলে **'বিনা নিয়োগ ২০১৯'** এর বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনাবলি এবং নির্ধারিত Application Form এর লিংক দৃশ্যমান হইবে। Application Form এর লিংক এ ক্লিক করিলে বিভিন্ন পদের রেডিও বাটন দৃশ্যমান হইবে। রেডিও বাটন সিলেক্ট করিয়া Next বাটনে ক্লিক করিলে Application Form পাতায় প্রবেশ করা যাইবে।

i) আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময়ঃ ২৩-১২-২০১৯খ্রি., সকাল ১০:০০ ঘটিকা থেকে

ii) আবেদনপত্র পূরণ পূর্বক জমা দেওয়ার শেষ তারিখ ও সময়ঃ ২২-০১-২০২০খ্রি., বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারিবেন;

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করিয়া Upload করিবেন;

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেইহেতু অনলাইনে আবেদনপত্র Submit করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন;

ঘ) অনলাইনে আবেদনপত্র যথার্থভাবে পূরণ করিয়া নির্দেশনামতে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করিবার পর প্রার্থীর User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাওয়া যাইবে। Applicant's copy টি Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করিয়া পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন;

ঙ) প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী যে কোন Teletalk pre-paid মোবাইল নাম্বারের মাধ্যমে SMS করিয়া আবেদন ফি বাবদ ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্রটি কোন ভাবেই গৃহীত হইবে না;

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bina.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। অনলাইন আবেদপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নাম্বারটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়;

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন Print সংরক্ষণ করিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হইলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হইলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করিয়া সত্যায়িত ফটোকপি/অনুলিপি দাখিল করিতে হইবে;

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

খ) প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক ০১ কপি চারিত্রিক সনদপত্র;

গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ;

চ) ক্রমিক নং ৮ এর প্রার্থীদের ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্স;

ছ) অনলাইন -এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's copy)।

৫। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর ওয়েবসাইটে (www.bina.gov.bd) পাওয়া যাইবে।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চুড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হইবে।

৭। নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার সরকারি বিধি-বিধান অনুসরণ করা হইবে।

৮। নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

৯। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করিবার অধিকার সংরক্ষণ করিবেন।

১০। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

মহাপরিচালকের পক্ষে-

১৮/১২/১৯

(মো. মহসীন আলী সরকার)
উপপরিচালক (প্রশাসন)

## SMS করার পদ্ধতি এবং User ID ও Password পুনরুদ্ধার নির্দেশিকা

**অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি অনুসরণে** নির্ভুলভাবে পূরণ করে আবেদনপত্র Submit করার পর প্রার্থী যে User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's copy পাবেন সেটি Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নাম্বারের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ **নিয়োগ বিজ্ঞপ্তিতে** উল্লেখিত ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্রটি কোন ভাবেই গৃহীত হবে না। প্রার্থীর সুবিধার জন্য সহায়ক হিসেবে নিম্নে SMS এর নির্দেশনা প্রদান করা হলঃ

### SMS করার পদ্ধতিঃ

**প্রথম SMS:** BINA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS:** BINA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

### User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতিঃ

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

(i) User ID জানা থাকলে BINA<space>Help<space>User<Space>User ID & Send to 16222.

Example: BINA Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে BINA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: BINA Help PIN 12345678 & Send to 16222.

১৮.১২.২০১৯

ড. শরিফুল হক ভূঞা
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও
প্রধান, ইলেকট্রনিক্স শাখা
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ।